# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 24 June, 2025

চট্টগ্রামের লোহাগাড়ায় অস্থায়ী চেকপোস্টে দায়িত্বপালনকালে পুলিশের ধাক্কায় ঘটে যাওয়া দুর্ঘটনায় পা হারিয়েছেন কনস্টেবল মো. আলাউদ্দিন।ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ার পর ঘটনায় ব্যাপক সমালোচনা শুরু হয়, গঠন করা হয়েছে তিন সদস্যের তদন্ত কমিটিও।

জানা গেছে, রোববার (২২ জুন) চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কে মাদক পাচারের গোপন তথ্য পেয়ে অস্থায়ী চেকপোস্ট বসায় লোহাগাড়া থানা পুলিশ।এসময় চেকপোস্টে দায়িত্ব পালনের সময় ট্রাকচাপায় গুরুতর আহত হন কনস্টেবল আলাউদ্দিন।পরে চিকিৎসার জন্য চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে তাঁর একটি পা গোড়ালি পর্যন্ত কেটে ফেলতে হয়।

## ভিডিও ফুটেজে যা দেখা যায়:

চেকপোস্টে দায়িত্বে থাকা পুলিশ সদস্যরা একের পর এক আসা যানবাহনে তল্লাশি করছিলেন।এমন সময় এক মোটরসাইকেল দ্রুতগতিতে চেকপোস্ট অতিক্রমের চেষ্টা করে।তখন কনস্টেবল মো. মনসুর পেছনে বসা আরোহীকে ধাক্কা দেন।এই ধাক্কায় মোটরসাইকেলটি নিয়ন্ত্রণ হারিয়ে পড়ে যায়।
তখন পাশেই থাকা কনস্টেবল আলাউদ্দিন মোটরসাইকেলের চালককে থামাতে এগিয়ে গেলে পিছন থেকে আসা একটি ট্রাকের নিচে চাপা পড়েন তিনি।

## তদন্তে নামছে পুলিশ:

ঘটনার সত্যতা নিশ্চিত করে সাতকানিয়া সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মো. তফিকুল আলম বলেন, বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

চট্টগ্রাম জেলা পুলিশ ইতিমধ্যে অতিরিক্ত পুলিশ সুপার (ট্রাফিক) শেখ মো. সেলিমের নেতৃত্বে তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে। কমিটির সদস্যরা আজ ঘটনাস্থলে গিয়ে অভিযুক্ত কনস্টেবল মনসুরকে জিজ্ঞাসাবাদ করবেন।

তবে কনস্টেবল মনসুরকে এখনো বহিষ্কার বা প্রত্যাহার করা হয়নি, তিনি আপাতত কর্মস্থলেই দায়িত্বে রয়েছেন।

## আহত কনস্টেবলের অবস্থা:

কনস্টেবল আলাউদ্দিন বর্তমানে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন এবং আশঙ্কামুক্ত বলে জানিয়েছেন চিকিৎসকরা।

চট্টগ্রাম পুলিশ দুর্ঘটনা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 06:02

URL: https://www.timestodaybd.com/national/362925696